

## তিনি দর্পণ কবীর

তিনি ধর্ম নাকি মানেন!  
সবকিছুতে হাদিস-কোরআন টানেন,  
মদের সাথে মদের আবার মিশেল দিতে পারেন।  
রাস্তিরে রোজ বউকে পেটান  
কীসের যে ক্ষোভ ঝাড়ে!

গায়ে পড়ে বলেন কথা  
আছে বাতিক তেল মারা ও  
মিথ্যা বলার প্রবণতা।

ভাবখানা সে সাধু  
লেখা-পড়ার বহর এমন  
এই সময়ের আদু।

দেখেন যখন নারী  
ছল-চাতুরে, নানা কথায়  
হেঁবেন তাদের শাড়ি,  
সুযোগ পেলে করেন বাড়াবাড়ি।

তার ভীষণ বাজে শখ  
নিন্দুকেরা বলে তাকে  
'মানুষরূপী ডগ'!

১১/১২/০৫